

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৮৮

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (ﷺ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি যাকে সে ভালবাসে তার সঙ্গেই থাকবে।

باب مَا جَاءَ أَنَّ الْمَرْءَ مَعَ مَنْ أَحَبَّ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، أَنَّهُ قَالَ جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَتَى قِيَامُ السَّاعَةِ فَقَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِلَى الصَّلاَةِ فَلَمَّا قَضَى صَلاَتَهُ قَالَ " أَيْنَ السَّائِلُ عَنْ قِيَامِ النَّبِيُّ صلى الله عليه وسلم إِلَى الصَّلاَةِ فَلَمَّا قَضَى صَلاَتَهُ قَالَ " أَيْنَ السَّائِلُ عَنْ قِيَامِ السَّاعَةِ " . فَقَالَ الرَّجُلُ أَنَا يَا رَسُولَ اللَّهِ . قَالَ " مَا أَعْدَدْتَ لَهَا " قَالَ يَا رَسُولَ اللَّهِ مَا أَعْدَدْتَ لَهَا " قَالَ يَا رَسُولَ اللَّهِ مَا أَعْدَدْتُ لَهَا " قَالَ رَسُولَ اللَّهِ صلى أَعْدَدْتُ لَهَا كَبِيرَ صَلاَةٍ وَلاَ صَوْمٍ إِلاَّ أَنِي أُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْمَرْءُ مَعَ مَنْ أَحَبَّ وَأَنْتَ مَعَ مَنْ أَحْبَبْتَ " . فَمَا رَأَيْتُ فَرِحَ الْمُسْلِمُونَ بَعْدَ الإِسْلاَمِ فَرَحَهُمْ بِهَذَا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ صَحِيحٌ .

বাংলা

২৩৮৮. আলী ইবন হুজর (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললঃ ইয়া রাসূলুল্লাহ, কিয়ামত সংঘটিত হবে কবে?

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়িয়ে গেলেন। সালাত (নামায) সম্পাদন করে বললেনঃ কিয়ামত সংঘটিত হওয়ার বিষয়ে প্রশ্নকারী কোথায়?

সেই লোকটি বললঃ হে আল্লাহর রাসূল, আমি।

তিনি বললেনঃ এর জন্য তুমি কি প্রস্তুতি নিয়েছ?

লোকটি বললঃ ইয়া রাসূলাল্লাহ, খুব সালাত (নামায) বা সাওম নিয়ে আমি এর জন্য প্রস্তুত হতে পারি নাই তবে আমি আল্লাহ ও তাঁর রাসূলকে ভালবাসি।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যে ব্যক্তি যাকে ভালবাসে সে তার সঙ্গেই থাকবেই। আর



তুমিও তার সঙ্গেই থাকবে যাকে তুমি ভালবাস। (আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন) এই কথা শুনে মুসলিমদের যে আনন্দ হয়েছিল ইসলামের পর আর কোন বিষয়ে মুসলিমদেরকে এত আনন্দিদ হতে আমি দেখিনি। সহীহ, রাওযুন নাযীর ১০৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৮৫ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি সহীহ।

English

Anas narrated that a man came to the Messenger of Allah (s.a.w) and said: "O Messenger of Allah! When will the Hour be established?" So the Propher (s.a.w) stood to perform Salat and when he was finished his Salat he said: "Where is the one who asked when the hour will be established?" The man said: "It was I, O Mesenger of Allah!" He said: "What have you prepared for it?" He said: "O Messenger of allah! I have not prepared very much of salat nor fasting for it, but I love Allah and His Messenger." So the Messenger of Allah(s.a.w) said: "A man shall be with whom ever he loves, and you shall be with whomever you love." So after the advent of Islam, I did not see that anything brought the Muslims more happiness than that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন